

Times Today BD

সংগীত কুমার | ক্যাম্পাস | 09 May, 2025

ইসলামী বিশ্ববিদ্যালয়ে (ইবি) ২০২৪-২৫ শিক্ষাবর্ষের গুচ্ছভুক্ত 'এ' ইউনিটের ভর্তি পরীক্ষা শান্তিপূর্ণ ও সুশৃঙ্খলভাবে সম্পন্ন হয়েছে। শুক্রবার (৯ মে) সকাল ১০টায় শুরু হওয়া পরীক্ষায় অংশ নেন ৮ হাজার ৮৬০ জন শিক্ষার্থী।

বিশ্ববিদ্যালয় সূত্রে জানা যায়, গুচ্ছভুক্ত ১৯টি সাধারণ এবং বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের সমন্বয়ে আয়োজিত এ পরীক্ষায় উপস্থিতির হার ছিল ৯০ দশমিক ৬৯ শতাংশ। সকাল থেকেই পরীক্ষার্থীরা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে প্রবেশ শুরু করেন এবং স্বতঃস্ফূর্তভাবে পরীক্ষায় অংশগ্রহণ করেন।

এ সময় পরীক্ষাকেন্দ্র পরিদর্শন করেন ইসলামী বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নকীব মোহাম্মদ নসরুল্লাহ, উপ-উপাচার্য অধ্যাপক ড. এম এয়াকুব আলী এবং কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মোহাম্মদ জাহাঙ্গীর আলম।

পরিদর্শন শেষে উপাচার্য বলেন, “খুবই শান্তিপূর্ণভাবে পরীক্ষা অনুষ্ঠিত হচ্ছে। শিক্ষার্থীদের কাছ থেকে ইতিবাচক প্রতিক্রিয়া পেয়েছি। নিরাপদ ও স্বচ্ছ পরিবেশে পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে।”

উপ-উপাচার্য বলেন, “সার্বিক সুন্দর ব্যবস্থাপনায় পরীক্ষা চলছে। আমরা মেধার যথাযথ মূল্যায়নে সর্বোচ্চ চেষ্টা করছি। সাংবাদিক, মিডিয়া, আনসার ও পুলিশ বাহিনীর সহযোগিতায় আমরা কৃতজ্ঞ।”

ইসলামী বিশ্ববিদ্যালয়

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 27 June, 2025 15:29

URL: <https://www.timestodaybd.com/public/campus/2209189550>